

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬২৪

পর্ব-১৭: দণ্ডবিধি (کتاب الحدود)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - মদ পানের দণ্ডবিধি

আরবী

وَعَنْ ثَوْرِ بْنِ زَيْدِ الدَّيْلِمِيِّ قَالَ: إِنَّ عُمَرَ اسْتَشَارَ فِي حَدِّ الْخَمْرِ فَقَالَ لَهُ عَلِيُّ: أَرَى أَنْ تَجْلِدَهُ ثَمَانِينَ جَلْدَةً فَإِنَّهُ إِذَا شَرِبَ سَكِرَ وَإِذَا سَكِرَ هَذَى وَإِذَا هذَى افْتَرى فجلدَ عمرُ رَضِي الله عَنهُ فِي حَدِّ الْخَمْرِ ثَمَانِينَ. رَوَاهُ مَالِكٌ

বাংলা

৩৬২৪-[১১] সাওর ইবনু যায়দ আদ্ দায়লামী হতে বর্ণিত। তিনি বলেন, 'উমার মদ্যপায়ীর দণ্ডের ব্যাপারে সাহাবীগণের নিকট পরামর্শ চাইলেন। তখন 'আলী বললেনঃ আমি মনে করি তাকে আশিবার চাবুক মারা হোক। কেননা যখন সে মদ পান করে, তখন সে বিকারগ্রস্ত হয়ে পড়ে। আর নেশাগ্রস্তের দরুন আবোল-তাবোল কথা বকতে থাকে, এমনকি তখন সে মিথ্যা অপবাদও রটায়। তখন 'উমার মদ্যপায়ীকে আশিবার চাবুক মারার নির্দেশ দিলেন। (মালিক)[1]

ফুটনোট

[1] সহীহ : মালিক ১৬৩৩, মুসতাদরাক লিল হাকিম ৮১৩২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ত্বীবী বলেনঃ মদ্যপানের দণ্ড মিথ্যা অপবাদ দেয়া ব্যক্তির মতো তথা আশি বেত্রাঘাত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন